১৫

তারিখ 05 JAN 1996
পৃষ্ঠা ৮ কলাম ৫

দৈনিক বাংলা

# চট্টগ্রাম ভার্সিটির ভিসি ও প্রোভিসি দায়িত্ব পালন করে যাবেন

নতুন নিযুক্তি পর্যন্ত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক ডঃ রফিকুল ইসলাম চৌধুরী ও প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ডঃ এম বদিউল আলম তাঁদের বর্তমান দায়িত্বে বহাল থাকবেন। খবর তথ্য বিবরণীর।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় আইন, ১৯৭৩ (যা পরে বিশ্ববিদ্যালয় সংশোধনী অধ্যাদেশ ৬২/১৯৭৫ দ্বারা সংশোধিত)-এর ১২(২) ও ১৪(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে প্রধানমন্ত্রী ও চ্যান্সেলর তাঁদের দায়িত্ব পালন অব্যাহত রাখার অনুমতি প্রদান করেছেন।

প্যানেলের মাধ্যমে বিধিসম্মতভাবে নতুন ভিসি নিয়োগ না করা পর্যন্ত ডঃ রফিকুল ইসলাম চৌধুরী ভিসির ও নতুন প্রো-ভাইস চ্যান্সেলর যোগদান না করা পর্যন্ত ডঃ এম বদিউল আলম প্রো-ভাইস চ্যান্সেলরের দায়িত্ব পালন অব্যাহত রাখবেন এবং প্রচলিত নিয়মে আর্থিক ও অন্যান্য সুবিধাদি ভোগ করবেন।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভিসি ও প্রো-ভাইস চ্যান্সেলরের দায়িত্ব অব্যাহতভাবে পালন করে যাওয়ার এ সিদ্ধান্ত যথাক্রমে গত ২৯ ও ২৮ ডিসেম্বর '৯৫ থেকে কার্যকর বলে গণ্য হবে।